

তারিখ: ১২.০৯.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম জেলা সংস্কার মঞ্জল মহাশোভাযাত্রায় চসিক মেয়র ডা. শাহাদাত হোসেন সাম্যের বাংলাদেশ গড়ে তুলতে সকল ধর্মের মানুষের সমান অংশগ্রহণ জরুরি

সাম্যের বাংলাদেশ গড়ে তুলতে সকল ধর্মের মানুষের সমান অংশগ্রহণ জরুরি বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। শুক্রবার (১২ সেপ্টেম্বর) সকালে নগরীর দেওয়ানজীপুকুর পাড়ে শ্রীশ্রী ঠাকুর অনুকূল চন্দ্রের ১৩৮তম শ্রুত আর্বিভাব উপলক্ষে মহাশোভাযাত্রা ও আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। ডা. শাহাদাত বলেন, আমি চট্টগ্রাম সিটির দায়িত্ব নেওয়ার পর জনতার সেবক হিসেবে কাজ করার চেষ্টা করেছি। গ্রিন, ক্লিন এবং নিরাপদ চট্টগ্রাম গড়ার ঘোষণা দিয়েছি। যেখানে সকল ধর্মের মানুষের নিরাপত্তার কথা বলা হয়েছে। আমরা বিভাজনের রাজনীতিতে বিশ্বাসী না। কোনো ধর্মের মানুষকে বাদ দিয়ে বা কাউকে পিছিয়ে রেখে দেশ এগুতে পারবে না। আমরা গত ১৭ বছর গণতন্ত্রের জন্য সংগ্রাম করেছি। ফ্যাসিস্ট শেখ হাসিনা সকলের উপর নির্যাতন, বৈষম্য করে এক দলীয় শাসন কায়েম করতে চেয়েছে। শেখ হাসিনার পতন হলেও সংগ্রাম এখনো চলমান। গণতন্ত্র, ভোটাধিকার ফিরে না পাওয়া পর্যন্ত আমরা রাজপথে থাকবো। সামনের জাতীয় নির্বাচন খুবই গুরুত্বপূর্ণ উল্লেখ করে মেয়র বলেন, সামনের জাতীয় নির্বাচন নিয়ে নানা ষড়যন্ত্র চলছে। একটি গোষ্ঠী নির্বাচনকে বিলম্বিত করে দেশকে অনিশ্চিততার দিকে ঠেলে দিতে চাচ্ছে। জাতীয় নির্বাচনে সনাতনীদের বিএনপির পাশে থাকতে হবে। কারণ বিএনপি ক্ষমতায় গেলে সনাতনীদের সকল অধিকার নিশ্চিত হবে। প্রধান বক্তার বক্তব্যে চট্টগ্রাম মহানগর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আবুল হাশেম বক্কর বলেন, বিএনপি গণমানুষের দল। বিএনপি জনগণের কল্যাণে কাজ করে। শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বাংলাদেশ জাতীয়তাবাদের মাধ্যমে সকল ধর্মের, বর্ণের মানুষকে একটি ছাতার নিচে নিয়ে এসেছেন। ৫ আগস্টের পর সকল সনাতনীদের পাশে থেকে আগলে রেখেছে বিএনপি। সাম্প্রদায়িক গোষ্ঠীদেরকে রুখে দিতে বাংলাদেশপন্থী সকল মানুষকে ঐক্যবদ্ধ থাকতে হবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চট্টগ্রাম জেলা সংস্কার কেন্দ্রের সভাপতি অনিল চন্দ্র পাল। স্বাগত বক্তব্য রাখেন চট্টগ্রাম জেলা সংস্কার সাধারণ সম্পাদক সুমন ঘোষ বাদশা। সিনিয়র যুগ্ম সম্পাদক লায়ন অনিমেস রায় চৌধুরীর সঞ্চালনায় প্রধান বক্তা ছিলেন চট্টগ্রাম মহানগর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আবুল হাশেম বক্কর। উদ্বোধক ছিলেন শ্রীশ্রী ঠাকুর অনুকূল চন্দ্র সংস্কার হিমাঁতপুর পাবনার সহ সাধারণ সম্পাদক সৌমিত্র মজুমদার পলাশ। মহান অতিথি ছিলেন, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ডিন অধ্যাপক ডা. অজয় দেব। বিশেষ অতিথি ছিলেন হিন্দু বৌদ্ধ খ্রীষ্টান কল্যাণ ফ্রন্টের সাংগঠনিক সম্পাদক রাজীব ধর তমাল, শ্রীশ্রী জন্মাষ্টমী উদযাপন পরিষদ বাংলাদেশ কেন্দ্রীয় কমিটির কার্যকরী সাধারণ সম্পাদক বিপ্লব দে পার্থ, চট্টগ্রাম বেসরকারি কারা পরিদর্শক উজ্জ্বল বরণ বিশ্বাস, শ্রীশ্রী জন্মাষ্টমী উদযাপন পরিষদের সাংগঠনিক সম্পাদক সম্পাদক সুজন দাশ, চট্টগ্রাম জেলা সংস্কার সিনিয়র সহ সভাপতি সজীব সিংহ বুবেল, মুক্তিযোদ্ধা অসিত সেন, সহ সভাপতি লায়ন শংকর সেনগুপ্ত, নির্মল দেবনাথ লিটন, সিনিয়র যুগ্ম সম্পাদক অমল দশ, যুগ্ম সম্পাদক বিভূ চক্রবর্তী প্রমুখ।



টেবীবাজারকে সুশৃঙ্খল বাণিজ্যকেন্দ্র হিসেবে গড়ে তোলা হবে: মেয়র ডা. শাহাদাত

চট্টগ্রামের ঐতিহ্যবাহী টেবীবাজার ব্যবসায়ী সমিতির উদ্যোগে অনুষ্ঠিত আলোচনা ও মতবিনিময় সভায় সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন বলেছেন—টেবীবাজার শুধু একটি বাজার নয়, এটি চট্টগ্রামের অর্থনীতি, সংস্কৃতি ও ঐতিহ্যের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। এই বাজারের উন্নয়ন, শৃঙ্খলা ও নিরাপত্তা নিশ্চিত করতে চট্টগ্রাম সিটি কর্পোরেশন সর্বাঙ্গিক সহযোগিতা করবে। তিনি বলেন, ব্যবসায়ীরা দেশের অর্থনীতির চালিকাশক্তি। সিটি কর্পোরেশন বাজারের অবকাঠামোগত উন্নয়ন, পরিচ্ছন্নতা ও যানজট নিরসনে নিরলসভাবে কাজ করছে। বাজারের ব্যবসায়ীরা যদি একযোগে কাজ করেন, তবে টেবীবাজারকে একটি আধুনিক, নিরাপদ ও সুশৃঙ্খল বাণিজ্যকেন্দ্র হিসেবে গড়ে তোলা সম্ভব হবে। ডা. শাহাদাত হোসেন আরও উল্লেখ করেন, চট্টগ্রামের উন্নয়ন পরিকল্পনায় টেবীবাজারকে বিশেষভাবে অন্তর্ভুক্ত করা হবে। বাজারের পরিবেশ উন্নত করার পাশাপাশি ব্যবসায়ীদের স্বার্থ সংরক্ষণেও তিনি প্রতিশ্রুতি দেন। সভায় ব্যবসায়ীদের পক্ষ থেকে বাজারসংক্রান্ত বিভিন্ন সমস্যা তুলে ধরা হয়—যেমন অবকাঠামোগত সংকট, যানজট, বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা, এবং আইনশৃঙ্খলা পরিস্থিতি। মেয়র তা মনোযোগ দিয়ে শোনেন এবং যথাযথ সমাধানের আশ্বাস দেন। আলোচনা সভায় সভাপতিত্ব করেন টেবীবাজার ব্যবসায়ী সমিতির সভাপতি আবদুল মান্নান। সাধারণ সম্পাদক আবুল মনসুর সভা পরিচালনা করেন। এতে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম

সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন। আরো উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা কমান্ডার ইফতেখার উদ্দিন চৌধুরী, তামাকুমন্ডি লেইন বনিক সমিতির সভাপতি সরওয়ার কামাল, সাধারণ সম্পাদক মোঃ মোজাম্মেল হক, নাছির উদ্দীন চৌধুরী, বেলায়েত হোসেন, মোঃ আলমগীর, মোঃ ফরিদুল ইসলাম, ফরিদ উদ্দিন, মোঃ মহি উদ্দিন, এস.এস.এস বাহাদুর, ইশতেহাদ হোসেন, রাজিব, ইমরানুল হক সাইয়েদ, মোহাম্মদ বাকের উল্যাহ, মোঃ ইব্রাহিম পারভেজ, মোঃ মামুনুর রশিদ, হাফেজ তাজুল ইসলাম, মোহাম্মদ নাছির উদ্দিন, মোহাম্মদ মামুনুর রশিদ মামুন, মোঃ আবু ছালেক প্রমুখ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮